

কারিগরি শিক্ষা, সমৃদ্ধ  
বাংলাদেশ



শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ  
হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারিগরি শিক্ষা অধিদপ্তর

শাখা-০৬(ভোকেশনাল-০১)

www.techedu.gov.bd

এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.০৯.০০১.১৮.৬১৭

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৫

৩০ মে ২০১৮

বিষয়: জুন/২০১৮ মাসে পরিদর্শনের অনুমতির জন্য তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: চট্টগ্রাম আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়ের স্মারক নং-আঞ্চঃ/পরিঃ/চট্ট বিভাগ/পরিদর্শন-১১/৬২৫ তারিখ: ২২/০৫/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ হতে চট্টগ্রাম অঞ্চলের সরকারী ও বেসরকারী কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনের নিমিত্ত মাসব্যাপী ১০ টি প্রতিষ্ঠানের পরিদর্শনসূচী অনুমোদন সংক্রান্ত একখানা পত্র পাওয়া গেছে।

পরিদর্শনসূচী অনুযায়ী ০৪/০৬/২০১৮ খ্রিঃ হতে ২৮/০৬/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে ০২ টি পলিটেকনিক ইনস্টিটিউট, ০২ টি সরকারী টেকনিক্যাল স্কুল ও কলেজ এবং ০৬ টি বেসরকারী এমপিও ভুক্ত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে।

২। বর্ণিত পরিদর্শনসূচীটি “নির্ধারিত পরিদর্শন প্রতিবেদন ফরম” অনুযায়ী পরিদর্শন করার জন্য অনুমোদন দেয়া হলো।

৩। পরিদর্শন শেষে পলিটেকনিক ইনস্টিটিউট, সরকারী টেকনিক্যাল স্কুল ও কলেজ এবং বেসরকারী এমপিও ভুক্ত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ও সংক্রান্ত প্রতিবেদন পৃথক আকারে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

৩১-৫-২০১৮

ড. মো: নুরুল ইসলাম  
পরিচালক

আঞ্চলিক পরিদর্শক, আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ,  
রামমালা, কুমিল্লা।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.০৯.০০১.১৮.৬১৭/১

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৫

৩০ মে ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কুমিল্লা।

২) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অত্র অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৩) সংরক্ষণ নথি।

৩১-৫-২০১৮

মোহাম্মদ সাজজাদ মুফতী  
সহকারী পরিচালক